খবরের চেয়ে বেশি কিছু
সারাবেলার সংবাদ
www.sarabelarsangbad.com

বুধবার, ১৮ অক্টোবর ২০২৩, ০৮:৫৭ অপরাহ্ন

# কৃষকদের মাঝে বিনামুল্যে সার বীজ বিতরণের উদ্বোধন করলেন ডেপুটি স্পিকার


পাবনার সাঁথিয়ায় কৃষকের মাঝে বিনামুল্যে সার-বীজ বিতরণ করছেন।

পাবনার সাঁথিয়ায় ২০২৩—২৪ অর্থবছরে সরিষাসহ রবি ফসলের আবাদ বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে। রবি প্রণোদনার শুভ উদ্বোধন ঘোষণা করেন মহান জাতীয় সংসদের মাননীয় ডেপুটি স্পীকার বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব এ্যাড. শামসুল হক টুকু, এমপি। মঙ্গলবার সকাল ১১টায় উপজেলা পরিষদ হল রুমে আয়োজিত বীজ ও সার বিতরণ অনুষ্ঠানে চাষাবাদের কারিগরী বিষয় নিয়ে আলোচনা করেন উপজেলা কৃষি অফিসার জনাব সঞ্জীব কুমার গোস্বামী।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ মাসুদ হোসেন। এ সময় আরও উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান আব্দুল্লাহ আল মাহমুদ দেলোয়ার, ভাইস চেয়ারম্যানদ্বয়সহ সুধীসমাজ সাংবাদিকবৃন্দ ও কৃষকগণ। অনুষ্ঠান সঞ্চালনা করেন সাঁথিয়া উপজেলার কৃষি সম্প্রসারণ অফিসার জনাব মোহাম্মদ ফারুক হোসেন চৌধুরী। জানা গেছে, সাঁথিয়া উপজেলায় রবি মৌসুমে মোট ৫৩৭০ জন কৃষকদের মাঝে সরিষাসহ মোট আটটি রবিশস্যের আধুনিক উফশী জাতের বীজ ও রাসায়নিক সার বিতরণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।